

## ছোট একটি দোয়ায় অনেক বড় ফযিলত

হযরত ইব্ন উমর (রা.) হইতে ইমাম ইব্ন মাজাহ (রহ.) বর্ণনা করেন :

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন সাহাবাদের বলেন, একদা আল্লাহ তা'আলার জনৈক বান্দা বলিল,

يَا رَبِّ لَكَ الْحَمْدُ كَمَا يَنْبَغِي لِجَلَالِ وَجْهِكَ وَعَظِيمِ سُلْطَانِكَ

**উচ্চারণ : ইয়া রব্বী লাকাল হামদু কামা ইয়ামবাগী লি জালালি ওয়াজহিকা ওয়া আজীমি সুলত্ব-নিকা ।**

অর্থ: হে আমারপ্রতিপালক প্রভু! তোমার মহা পরাক্রম ও বিপুল প্রতিপত্তি যেসকল 'হাম্দ' এর যোগ্য তোমার প্রতি সেসকল হাম্দ (প্রশংসা) নিবেদন করছি ।

এতদশবণে কিরামান-কাতেবীন কিংকর্তব্যবিমূঢ় হইয়া গেলেন । তাঁহারা উহার পরিবর্তে কত নেকী লিখিবেন তাহা নির্ণয় করিতে পারিলেন না । তাহারা আল্লাহ তা'আলার কাছে আরয করিলেন, 'হে আমাদের প্রভু! জনৈক বান্দা একটি বাক্য উচ্চারণ করিয়াছে । উহার পরিবর্তে কত নেকী লিখিব উহা আমাদের জ্ঞাত নহে ।' বান্দা কি বাক্য উচ্চারণ করিয়াছে তাহা আল্লাহ তা'আলা ভালরূপে জানিতেন । তথাপি জিজ্ঞাসা করিলেন, আমার বান্দা কি বাক্য উচ্চারণ করিয়াছে? ফেরেশতাদ্বয় আরয করিলেন, হে পরোয়ারদিগার! বান্দা বলিয়াছে, "ইয়া রব্বী লাকাল হামদু কামা ইয়ামবাগী লি জালালি ওয়াজহিকা ওয়া আজীমি সুলত্ব-নিকা ।" তখন আল্লাহ তা'আলা ফেরেশতাদ্বয়কে বলিলেন, 'আমার বান্দা যাহা বলিয়াছে তাহা অবিকল লিখিয়া রাখ । সে যখন আমার নিকট আসিবে, তখন আমি উহার প্রতিদান দিব ।,

[তথ্যসূত্র : (তাফসীরে ইবনে কাছীর, ২৩৩-২৩৪, ইবনে মাজাহ, মুসনাদে আহমদ)]